

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া  
আইসিটি শাখা  
(bogura.gov.bd)

২০২৪-২০২৫ অর্থবছরের জানুয়ারি ২০২৫ মাসের জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

|            |  |
|------------|--|
| সভাপতি     | হোসনা আফরোজা   |
|            | জেলা প্রশাসক, বগুড়া                                       |
| সভার তারিখ | ১৯ জানুয়ারি ২০২৫ খ্রি.                                    |
| সভার সময়  | দুপুর ১:৩০ ঘটিকা   |
| স্থান      | জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ার সম্মেলন কক্ষ 'করতোয়া'য় |
| উপস্থিতি   | পরিশিষ্ট 'ক'   |

সভাপতি কর্তৃক সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া কর্তৃক পূর্ববর্তী সভার কার্যবিবরণী পড়ে শোনানো হয় এবং কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা করা হয়।

আলোচনা:

আলোচনাকালে সভাপতি কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে জেলা পর্যায়ে জন্য বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও উপজেলা বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অতিসত্ত্বর প্রণয়ন করার নির্দেশনা প্রদান করা হয়। জেলায় গৃহীত উদ্ভাবনী কর্মপরিকল্পনার ২য় অর্ধ-বার্ষিক সময়ের বাস্তবায়নযোগ্য পরিকল্পনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত জেলার সকল সরকারি দপ্তরের প্রেরিত সেবা সহজিকরণের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা/আইডিয়া অতিসত্ত্বর বাস্তবায়ন করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। উপজেলা পর্যায়েও অনুরূপভাবে সকল সরকারি দপ্তরের সেবা সহজিকরণের উদ্ভাবনী উদ্যোগের ধারণা/আইডিয়া বাস্তবায়ন করে অত্র অফিসকে অবহিত করত: গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন প্রতিবেদন প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়। স্ব-স্ব উদ্ভাবনী ধারণা দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় কর্তৃক সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ জানানো হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র: নং | সিদ্ধান্ত  | বাস্তবায়নে   |
|---------|--|---|
| ০১.     | ২০২৪-২০২৫ অর্থবছরে জেলা ও উপজেলা পর্যায়ে জন্য বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও উপজেলা বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করতে হবে। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা এর ২য় অর্ধ-বার্ষিক এর লক্ষ্যমাত্রা পূরণ নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৩। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া |
| ০২.     | ২০২৪-২০২৫ অর্থবছরে জেলা ও উপজেলা পর্যায়ে জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও উপজেলা বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা পোর্টালে দৃশ্যমান আছে কিনা তা নিশ্চিত করতে হবে।   | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>২। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল)   |
| ০৩.     | জেলা পর্যায়ে দপ্তরসমূহের পোর্টালে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করতে হবে।   | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। জেলার সকল দপ্তর প্রধান<br>৩। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া               |
| ০৪.     | উপজেলা পর্যায়ে দপ্তরসমূহের পোর্টালে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।   | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>২। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া                                  |
| ০৫.     | প্রতিমাসে নিয়মিতভাবে উপজেলা ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলায় প্রেরণ করতে হবে।  | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া  |
| ০৬.     | জেলার সকল দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়সহ উপজেলার সকল দপ্তরের পোর্টালে  | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া  |

|     |  |  |
|-----|--|--|
|     | সকল তথ্য যথাসময়ে হালনাগাদ করতে হবে।   | ২। জেলার সকল দপ্তর প্রধান<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), বগুড়া<br>৫। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া<br>৬। সহকারী প্রোগ্রামার (সকল) |
| ০৭. | এ কার্যালয়ে জনসেবার সাথে সম্পৃক্ত সকল সেবার উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ ও প্রযুক্তিনির্ভর এবং বাস্তবায়নযোগ্য ইনোভেশন সংক্রান্ত ধারণা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৩। সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া   |
| ০৮. | সকল দপ্তরকে নিজ নিজ দপ্তরের ইনোভেশন আইডিয়া গ্রহণ করতে হবে।  | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া<br>২। জেলার সকল দপ্তর প্রধান<br>৩। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া  |


  
হোসনা আফরোজা  
জেলা প্রশাসক  
বগুড়া

স্মারক নম্বর : ০৫.৫০.১০০০.০২৪.০৯.০০৬.২৫.০৫

তারিখ: ০৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৪) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
- ৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বগুড়া

  
হোসনা আফরোজা  
জেলা প্রশাসক  
বগুড়া